

লোকসাহিত্য ও খুঁটিনাটি - ড. সেতু চট্টোপাধ্যায়

প্রথম অংশ -

১. 'লোকসাহিত্য' গ্রন্থটি কার লেখা ?

@ 'লোকসাহিত্য' গ্রন্থটি রবীন্দ্রনাথ ঠাকুরের লেখা ।

২. 'লোকসাহিত্য' গ্রন্থটিতে ক'টি ও কি কি প্রবন্ধ আছে ?

@ 'লোকসাহিত্য' গ্রন্থটিতে চারটি প্রবন্ধ আছে, 'ছেলেভুলানো ছড়া', 'ছেলেভুলানো ছড়া- ২', 'কবি-সংগীত' ও 'গ্রাম্য সাহিত্য' ।

৩. 'লোকসাহিত্য' গ্রন্থটি কবে, কোথা থেকে প্রকাশিত হয় ?

@ 'লোকসাহিত্য' গ্রন্থটি মজুমদার লাইব্রেরী কর্তৃক প্রকাশিত, রবীন্দ্রনাথের গদ্য গ্রন্থাবলী তৃতীয় ভাগ 'লোকসাহিত্য' ১৩১৪ বঙ্গাব্দে অর্থাৎ ১৯০৭ সালে প্রকাশিত হয় ।

৪. মজুমদার লাইব্রেরী প্রকাশিত গ্রন্থটিতে ক'টি নিবন্ধ ছিল এবং কি কি ?

@ মজুমদার লাইব্রেরী প্রকাশিত 'লোকসাহিত্য' গ্রন্থটিতে তিনটি প্রবন্ধ ছিল 'ছেলেভুলানো ছড়া', 'কবি-সংগীত' ও 'গ্রাম্য সাহিত্য' ।

৫. 'লোকসাহিত্য'র প্রথম সংস্করণ কত সালে হয় ? এই সংস্করণে কোন নিবন্ধটি গ্রন্থভুক্ত হয় ?

@ ১৩৪৫ বঙ্গাব্দের পৌষ মাসে, ১৯৩৮ সালে 'লোকসাহিত্য'র প্রথম সংস্করণ হয় ; এই সংস্করণে 'ছেলেভুলানো ছড়া-২' নামক নিবন্ধটি গ্রন্থভুক্ত হয় ।

৬. 'ছেলেভুলানো ছড়া' প্রবন্ধ কবে, কোন পত্রিকায় প্রকাশিত হয় ?

@ 'সাধনা' পত্রিকার ১৩০১ বঙ্গাব্দের আশ্বিন- কার্তিক সংখ্যায় অর্থাৎ ১৮৯৪ সালে প্রকাশিত হয় ।

৭. 'ছেলেভুলানো ছড়া' নিবন্ধটি কি নামে মুদ্রিত হয়েছিল ? এ'টি কোথায় বসে লেখা ?

@ 'ছেলেভুলানো ছড়া' নিবন্ধটি 'মেয়েলি ছড়া' নামে মুদ্রিত হয়েছিল, এ'টি সাজাদপুরে থাকা কালীন সময়ে লেখা হয়েছিল ।

৮. 'ছেলেভুলানো ছড়া-২' নিবন্ধটি কোন পত্রিকায় কবে প্রকাশিত হয় ?

@ 'ছেলেভুলানো ছড়া ২' নিবন্ধটি 'সাহিত্য পরিষদ' পত্রিকা ১৩০১ বঙ্গাব্দের মাঘ এবং কার্তিক ১৩০২ অর্থাৎ ১৮৯৪ - ১৮৯৫ সালে প্রকাশিত হয় ।

৯. 'সাহিত্য পরিষদ' পত্রিকার তৎকালীন সম্পাদক কে ছিলেন ?

@ 'সাহিত্য পরিষদ' পত্রিকার তৎকালীন সম্পাদক ছিলেন রজনীকান্ত গুপ্ত ।

১০. 'কবি-সংগীত' নিবন্ধটি কবে, কোথায় প্রকাশিত হয় ?

@ 'কবি সংগীত' নিবন্ধটি 'সাধনা' পত্রিকায় ১৩০২ বঙ্গাব্দের জ্যৈষ্ঠ সংখ্যায় অর্থাৎ ১৮৯৫ সালে প্রকাশিত হয় ।

১১. 'কবি-সংগীত' নিবন্ধটি কি নামে প্রথম মুদ্রিত হয় ?

@ 'কবি-সঙ্গীত' নিবন্ধটি 'গুপ্তরঞ্জাদ্কার' নামে প্রথম মুদ্রিত হয় ।

১২. 'কবি-সংগীত' কার কোন গ্রন্থের সমালোচনা ?

@ 'কবি-সংগীত' নিবন্ধটি কেদারনাথ বন্দ্যোপাধ্যায় কর্তৃক সংগৃহীত ,প্রকাশিত 'গুপ্তরঞ্জাদ্কার' বা 'প্রাচীন কবি সঙ্গীত সংগ্রহ' গ্রন্থের সমালোচনা ।

১৩. 'গ্রাম্য-সাহিত্য' নিবন্ধটি কবে, কোন পত্রিকায় প্রকাশিত হয় ?

@ 'গ্রাম্য-সাহিত্য' নিবন্ধটি ' ভারতী ' পত্রিকার ১৩০৫ বঙ্গাব্দের ফাল্গুন-চৈত্র সংখ্যায় ১৮৯৮ সালে প্রকাশিত হয় ।

১৪. আমাদের ভাষা ও সমাজে 'ছেলেভুলানো ছড়া'র মূল্য কি এবং লেখকের কাছেই বা এগুলোর মূল্য কি ?

@ আমাদের ভাষা সমাজের ইতিহাস নির্ণয়ের পক্ষে 'ছেলেভুলানো ছড়া'র বিশেষ মূল্য আছে কিন্তু এই ছড়াগুলির মধ্যে একটি সহজ স্বাভাবিক কাব্যরস আছে সেটিই লেখকের কাছে অধিক আদরণীয় ।

১৫. নিপুন সমালোচকেরা কোনরূপ রচনাকে 'অহমিকা' বলে মনে করেন ?

@ লেখকের কোনটা ভালো লাগে বা না লাগে এরূপ সমালোচনাকে 'অহমিকা' বলে ।

১৬. " তাহাদের নিকট আমার সবিনয় নিবেদন..."- লেখক কাদের কাছে কি নিবেদন করেছেন ?

@ লেখক সুনিপুণ সমালোচকদের কাছে নিবেদন করেছেন যে- লেখকের ভালোলাগা বা না লাগার সমালোচনা 'অহমিকা' নয় পরন্তু তার বিপরীত ।

১৭. উপযুক্ত সমালোচকরা কিভাবে সমালোচনা করেন ?

@ উপযুক্ত সমালোচকদের নিকট একটি দাঁড়িপাল্লা আছে, তাঁরা সাহিত্যের একটি বাঁধা ওজন ও সেই সঙ্গে অনেকগুলি বাঁধা বোল বের করেছেন ।যে কোন রচনা তাঁদের কাছে নিয়ে গেলেই তারা নিঃসংকোচে তার পিঠে উপযুক্ত নম্বর ও ছাপ মেরে দিতে পারেন ।

১৮. সমালোচনা স্থলে কাদের নিজের অনুরাগ বিরাগের উপর নির্ভর করতে হয় ? কিভাবে তাদের সমালোচনা করা উচিত ?

@ অক্ষমতা ও অভিজ্ঞতা বশতঃ যাঁরা সমালোচনার বাঁধা ওজন বা বোল পাননি তাঁদেরই সমালোচনা স্থলে নিজের অনুরাগের উপর নির্ভর করতে হয় । ফলে তাঁদের পক্ষে সাহিত্য সম্বন্ধে বেদবাক্য প্রচলিত করতে যাওয়া স্পর্ধা । কোন লেখা ভালো বা মন্দ সেকথা না বলে সমালোচনা স্থলে কোন লেখা তাঁদের ভালো লাগে বা মন্দ লাগে একথাই স্বীকার করা উচিত ।

১৯. সাহিত্যের সমালোচনাকেই সমালোচনা বলা হয় । কিন্তু সাহিত্য কিসের সমালোচনা ?

@ সাহিত্যের সমালোচনাকেই সমালোচনা বলা হয় । কিন্তু অধিকাংশ সাহিত্যই প্রকৃতি ও মানব জীবনের সমালোচনা ।

২০. লেখক কোন কথা গোড়াতেই কবুল করেছেন ?

@ লেখক যে কথা স্বীকার করতে বসেছেন তার মধ্যে আত্মকথার কিঞ্চিৎ অংশ আছে ।
'ছেলেভুলানো ছড়ার' মধ্যে তিনি যে রসাস্বাদ করেন ছেলেবেলার স্মৃতি থেকে তাকে বিচ্ছিন্ন করে
দেখা তাঁর পক্ষে অসম্ভব । ছড়াগুলির মাধুর্য কতটা বাল্যস্মৃতি এবং কতটা সাহিত্যের চিরস্থায়ী
আদর্শের উপর নির্ভর করছে তা নির্ণয় করার উপযুক্ত বিশ্লেষণ শক্তি তাঁর নেই ।

২১. কোন ছড়াটি বাল্যকালের রবীন্দ্রনাথের কাছে মহামন্ত্রের মত ছিল ?

@ ' জল পড়ে পাতা নড়ে '-ছড়াটি রবীন্দ্রনাথের বাল্যকালের মন্ত্র ছিল ।